# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ এই উম্মাতের জন্য সাত রীতিতে কুর‘আন পাঠ করার অনুমতি প্রসঙ্গে হাদীস

## ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا أُبِيحَ لِهَذِهِ الْأُمَّةِ فِي قِرَاءَةِ الْقُرْآنِ عَلَى الْأَحْرُفِ السَّبْعَةِ

আরবী

734 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ عَنْ حُمَيْدٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ عَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قَالَ: قَرَأَ رَجُلٌ آيَةً وَقَرَأْتُهَا عَلَى غَيْرِ قِرَاءَتِهِ فَقُلْتُ: مَنْ أَقْرَأَكَ هَذِهِ؟ فَقَالَ: أَقْرَأَنِيهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَانْطَلَقْتُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَقْرَأْتَنِي آيَةَ كَذَا وَكَذَا؟ قَالَ: (نَعَمْ) قَالَ الرَّجُلُ: أَقْرَأْتَنِي كَذَا وَكَذَا؟ قَالَ: (نَعَمْ إِنَّ جِبْرِيلَ وَمِيكَائِيلَ أَتَيَانِي فَجَلَسَ جِبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ عَنْ يَمِينِي وَمِيكَائِيلُ عَلَيْهِ السَّلَامُ عَنْ يَسَارِي فَقَالَ جِبْرِيلُ: يَا مُحَمَّدُ اقْرَأِ الْقُرْآنَ عَلَى حَرْفٍ فَقَالَ مِيكَائِيلُ: اسْتَزِدْهُ فَقُلْتُ: زِدْنِي فَقَالَ: اقْرَأْهُ عَلَى حَرْفَيْنِ فَقَالَ مِيكَائِيلُ: اسْتَزِدْهُ حَتَّى بَلَغَ سَبْعَةَ أَحْرُفٍ وَقَالَ: اقْرَأْهُ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ كُلٌّ شَافٍ كَافٍ)
الراوي : أُبَيّ بْن كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 734 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৩৪. উবাই বিন কা‘ব রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু বলেন, “এক ব্যক্তি আমাকে একটা আয়াত পড়ে শুনান, যা আমি ভিন্নভাবে পড়েছি, ফলে আমি তাকে বললাম, “আপনাকে এই আয়াত কে পড়িয়েছেন?” তিনি বলেন, “আমাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পড়িয়েছেন।” অতঃপর আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে গিয়ে বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি তো আমাকে ওমুক ওমুক আয়াত পড়িয়েছেন?” তিনি বললেন, “হ্যাঁ।” সেই ব্যক্তি বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি তো আমাকে ওমুক ওমুক আয়াত পড়িয়েছেন?” তিনি বললেন, “হ্যাঁ। নিশ্চয়ই জিবরীল ও মীকাঈল আলাইহিমাস সালাম আমার কাছে এসেছিলেন; জিবরীল আলাইহিস সালাম আমার ডান দিকে আর

মীকাঈল আলাইহিস সালাম আমার বাম দিকে বসেন।
অতঃপর জিবরীল আলাইহিস সালাম আমাকে বলেন, “হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি কুর‘আন এক রীতিতে পাঠ করুন।” তখন মীকাঈল আলাইহিস সালাম (আমাকে) বলেন, “আপনি পঠন রীতি বাড়িয়ে চান।” ফলে আমি বললাম, “আমাকে পঠন রীতি আরো বাড়িয়ে দিন।” তখন জিবরীল আলাইহিস সালাম আমাকে বলেন, “আপনি দুই রীতিতে পাঠ করুন।” মীকাঈল আলাইহিস সালাম (আমাকে আবারো) বলেন, “আপনি পঠন রীতি বাড়িয়ে চান।” এভাবে তা সাত পঠন রীতিতে পৌঁছে। জিবরীল আলাইহিস সালাম আমাকে বলেন, “আপনি সাত রীতিতে পাঠ করুন। প্রতিটি পঠনরীতিই নিরাময়দানকারী-তৃপ্তিদায়ক ও যথেষ্ট।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১২২; নাসাঈ: ২/১৫৪।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮৪৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা‘ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89237

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন